অহঙ্কার

দিব্যেন্দু পালিত

মিত্র ও ঘোষ পাব্লিশার্স
প্রা ই ভে ট লি মি টে ড
১০ শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা ১২

মা

শ্রীমতী নীহারবালা পালিত

শ্রীচরণেষু

এই লেখকের অন্যান্য বই

উপন্যাস

উড়োচিঠি । একা । চরিত্র । বিনিদ্র
বৃষ্টির পরে । আমরা । সন্ধিক্ষণ । সম্পর্ক ।
প্রণয়চিহ্ন । স্ত্রী ও পুরুষ । মধ্যরাত ।
ভেবেছিলাম । সেদিন চৈত্রমাস

গল্পগ্রন্থ

প্রিয়জন । মুন্নির সঙ্গে কিছুক্ষণ
শীত-গ্রীষ্মের স্মৃতি । গল্প সংগ্রহ

রম্যরচনা

প্রেমপত্র

কবিতা

কিছু স্মৃতি কিছু অপমান । আহত অর্জুন
রাজার বাড়ি অনেক দূরে

অহঙ্কার

ফ্ল্যাটে কান্নার শব্দ

ঘুম থেকে ওঠার জন্যে ঘড়িতে অ্যালার্ম দেবার দরকার হয় না বিমানের। তার প্রত্যহ রুটিনে বাঁধা; তেমনি সময়ও। দিনের পর দিন অভ্যাসের ফলে সময়কে সে ব্যবহার করতে পারে যথেচ্ছ; শীত, গ্রীষ্ম, বর্ষা—তা সে ঋতুর যে-কোনো সময়েই হোক না কেন, যে-কোনো কাজের জন্যে তার বরাদ্দের বিন্যাসে হেরফের ঘটে না এতোটুকু। শরীর-টরীর খারাপ হলে বা অন্য কোনো কারণ থাকলে অবশ্য আলাদা কথা। তবে, তখনো, ব্যতিক্রমটাকে সে সামাল দেয় নিজের মতো করে। কাল যেমন হলো। রাত্রে ফিরতে দেরি হয়েছিল, শরীরটাও জুত লাগছিল না তেমন, শুতে যাবার আগে তাই বলে রেখেছিল গোকুলকে, 'দেরি দেখলে উঠিয়ে দিস—'

কিন্তু, বেলা পর্যন্ত ঘুমোবার কারণ থাকা সত্ত্বেও আজ তার ঘুম ভাঙল অদ্ভুতভাবে এবং আচমকা; বলতে গেলে অন্যদিনের চেয়ে তাড়াতাড়ি।

তখনো ঘোর লেগে আছে চোখে। আলস্য-জড়ানো ঘোরে পাশ ফিরতে গিয়ে আরও বেশী ঘুমে জড়িয়ে পড়ার পরিবর্তে কেমন অগোছালো হয়ে গেল বিমান। ঘুম ও জাগরণের মাঝখানে সম্পূর্ণ আলাদা এক অনুভূতি। মনে হলো না ইতিমধ্যে পার হয়ে গেছে কয়েক ঘণ্টা, কিংবা এখন সকাল; মনে হলো, গতকাল শুতে যাবার আগে সে যেখানে ছিল, সময়ও থেমে আছে ঠিক সেইখানে। শুধু সময়ই নয়, তার নিজস্ব ভঙ্গিও—বাঁ পাশে কাত হওয়া ঈষৎ টান-টান শরীর, কপালের ওপর আড়াআড়ি করে রাখা হাত, একাগ্র চোখমুখ; যতোদূর মনে পড়ে, কাল রাতে আচ্ছন্নতার মধ্যে ঘুমিয়ে পড়ার আগেও তার ভঙ্গি ছিল প্রায় একই রকম।